DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 15 Aug 2026, 11:41 PM

সারাদেশ

# “জয় বাংলা” স্লোগান দিয়ে কুষ্টিয়ায় জুলাই স্মৃতিস্তম্ভে আগুন

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১১ আগস্ট ২০২৬, ০৬:২৮ PM



কুষ্টিয়ায় “জয় বাংলা” স্লোগান দিয়ে জুলাই স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার (১০ আগস্ট) দিবাগত রাতে শহরের শহীদ আবরার ফাহাদ স্টেডিয়ামের সামনে নির্মিত জুলাই স্মৃতিস্তম্ভে এ ঘটনা ঘটে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে জেলাজুড়ে আলোচনা শুরু হয়।

এক মিনিট দুই সেকেন্ডের ওই ভিডিওতে এক যুবককে বিভিন্ন স্লোগান দিতে শোনা যায়। তিনি বলেন, “ভয় করি না বুলেট-বোমা, শেখ হাসিনা আসবে–বাংলাদেশ হাসবে”, “আমার সোনার বাংলায় রাজাকারের ঠাঁই নাই, জয় বাংলা–জয় বঙ্গবন্ধু”। এ সময় তিনি “হানিফ সাহেবের ভয় নাই, রাজপথ ছাড়ি নাই” এবং “কামারুল ভাইয়ের ভয় নাই, রাজপথ ছাড়ি নাই” বলেও স্লোগান দেন।

ভিডিওতে ওই যুবককে আরও বলতে শোনা যায়, “আমরা এই জুলাই মানি না, কখনো মানব না। শেখ হাসিনার বাংলাদেশ। আমরা শেখ হাসিনাকে ডিসেম্বরে ইনশাআল্লাহ ওয়েলকাম করে নিয়ে আসব।”

ঘটনার বিষয়ে কুষ্টিয়ার জুলাই যোদ্ধা ও জেলা এনসিপির সদস্যসচিব সুলতান মারুফ তালহা বলেন, তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং

সেখানে আগুন দেওয়ার ঘটনার সত্যতা পেয়েছেন। তাঁর অভিযোগ, পতিত সরকারের কিছু বিপথগামী ছাত্রনেতা এ ঘটনার সঙ্গে জড়িত থাকতে পারেন। জড়িত ব্যক্তিদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে শিগগির কর্মসূচি ঘোষণা করা হবে বলেও জানান তিনি।

এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মতব্বার বলেন, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। সরাসরি আগুন জ্বলতে দেখা না গেলেও আগুন লাগানোর পর যে ধরনের পোড়া বা কালো দাগ তৈরি হয়, স্মৃতিস্তম্ভে তেমন চিহ্ন পাওয়া গেছে।

ঘটনার সঙ্গে কারা জড়িত, তা তদন্ত করে দেখা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/jy-bangla-slogan-diye-kushtiyay-julai-smritistmbhe-agun